

# সমকাল

## 'রোহিঙ্গাদের না বলা গল্প' নিয়ে শিল্পকর্ম প্রদর্শনী শুরু কাল

১২ জুলাই ২০১৮

রাজধানীর দূক গ্যালারিতে আগামীকাল শুক্রবার থেকে শুরু হতে যাচ্ছে 'রোহিঙ্গাদের না বলা গল্প' শীর্ষক তিন দিনব্যাপী শিল্পকর্ম প্রদর্শনী। নির্মেঘ ফাউন্ডেশন এবং আর্ট ফর কজ : পার্ট-১-এর উদ্যোগে এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পৃষ্ঠপোষকতায় আয়োজিত হচ্ছে প্রদর্শনীটি। রোহিঙ্গা সংকটকে উপজীব্য করে রাজধানীর বিভিন্ন স্কুলের চিত্রশিল্পী, আলোকচিত্রী ও গ্রাফিক ডিজাইনারদের সমন্বয়ে গঠিত ২৫ সদস্যের একটি দল তাদের মেধা ও সৃজনশীলতা দিয়ে দক্ষ তুলির আঁচড়ে ফুটিয়ে তুলবে রোহিঙ্গাদের আবেগ-অনুভূতি, সংগ্রাম ও বেঁচে থাকার নিদারুণ চিত্র।

গতকাল বুধবার রাজধানীর সোবহানবাগে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে আয়োজিত 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে এসব তথ্য জানানো হয়। আয়োজনের বিস্তারিত তুলে ধরে বক্তব্য দেন 'আর্ট অব কজ'-এর প্রধান দুই উদ্যোক্তা গ্রিন হেরাল্ড স্কুলের শিক্ষার্থী শাদাব নাভিদ ও দীপ্ত বিশ্বাস, নির্মেঘ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও ইন্টারন্যাশনাল টার্কিশ হোপ স্কুলের শিক্ষার্থী ফারিয়া সাফা খান, ম্যাপল লিফ ইন্টারন্যাশনাল স্কুলের শিক্ষার্থী সাদাৎ আনোয়ার ও স্কলাসটিকা স্কুলের 'এ' লেভেল শিক্ষার্থী জেরিন সুবাহ রোদেলা।

প্রদর্শনী উদ্বোধন করবেন ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি অ্যাডভোকেট ধীরেন্দ্র দেবনাথ শম্ভু। বিশেষ অতিথি থাকবেন সাবেক প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. এম গোলাম রহমান। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

